



# বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ) BANGLADESH MEDICAL ASSOCIATION (BMA)



সভাপতি  
ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন

মহাসচিব  
ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী

স্মারক নং: বিএমএ/২০২০/

তারিখ: ১৯-০৩-২০২০ খ্রিঃ

## দেশব্যাপী করোনা ভাইরাসে আক্রান্তদের চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক, নার্স, মেডিকেল টেকনোলজিস্ট ও স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তা নিশ্চিতের আহবান।

দেশব্যাপী করোনা ভাইরাস (COVID-19) সংক্রমণে আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক, নার্স, মেডিকেল টেকনোলজিস্ট ও স্বাস্থ্য কর্মীদের নিরাপত্তার জন্য পর্যাপ্ত পরিমাণে প্রয়োজনীয় নিরাপত্তা সরঞ্জামাদি, পি পি ই (Personal Protective Equipments) সরবরাহ এবং স্বাস্থ্য ঝুঁকির জন্য বিশেষ প্রনোদনা দেয়ার আহবান জানানিয়েছেন বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন।

আজ ১৯ মার্চ ২০২০ বৃহস্পতিবার সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক এমপি এর সাথে সাক্ষাত করে তিনি এ আহবান জানান। এসময় বিএমএ সভাপতি বলেন, বিশ্বের অন্যান্য দেশের ন্যায় আমাদের দেশেও চিকিৎসক, নার্সসহ চিকিৎসা সেবায় নিয়োজিতদের ঝুঁকিমুক্তভাবে নিরাপদে চিকিৎসা সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে অন্যথায় আক্রান্ত রোগীদের যথাযথ চিকিৎসা ও সেবা প্রদান নিশ্চিত করা দূর হইবে ফলে ভাইরাসে আক্রান্তরা আরো অধিক ঝুঁকির মধ্যে পড়বে। মাননীয় স্বাস্থ্য মন্ত্রী বলেন, চিকিৎসক, নার্স সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীদের স্বাস্থ্য নিরাপত্তায় প্রয়োজনীয় নিরাপত্তা সামগ্রী দ্রুততম সময়ের মধ্যে দেশের সকল হাসপাতালে পৌঁছে দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা দেওয়া হয়েছে এবং কোথাও কোথাও ইতোমধ্যে পৌঁছেও গেছে। মন্ত্রী মহোদয় আশ্বস্ত করে বলেন চিকিৎসকসহ সকলের নিরাপত্তা বিধান ও এই ভাইরাসের সংক্রমণ রোধে স্বাস্থ্য মন্ত্রণালয় ও সরকারের সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় বদ্ধ পরিকর।

বিএমএ সভাপতি মাননীয় মন্ত্রীকে আশ্বস্ত করে বলেন, ডেঙ্গু প্রাদুর্ভাব থেকে উত্তরণে এদেশের চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীরা নিজেদের জীবনবাজী রেখে যেভাবে কাজ করেছেন ইনশাআল্লাহ করোনা ভাইরাস সংক্রমণ থেকে উত্তরণেও নিজেদের সর্বোচ্চটা দিয়ে চেষ্টা করবে। বিএমএ সভাপতি এই মহামারীর কবল থেকে রক্ষা পেতে সকলকে ধৈর্য ধারণ ও এবিষয়ে প্রয়োজনীয় স্বাস্থ্য বিধি মেনে চলার আহবান জানান।

বাংলাদেশ প্রাইভেট মেডিকেল প্রাকটিশনার্স এসোসিয়েশনের মহাসচিব ও বিএমএ কেন্দ্রীয় কার্যকরী পরিষদ সদস্য ডা. মোঃ জামাল উদ্দীন চৌধুরী, বিএমএ সাংগঠনিক সম্পাদক ডা. মোঃ তারিক মেহেদী পারভেজ ও বিএমএ দপ্তর সম্পাদক ডা. মোহাঃ শেখ শহীদ উল্লাহ এসময় উপস্থিত ছিলেন।

বরাবর

বার্তা সম্পাদক/ প্রধান প্রতিবেদক

জনাব,

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা। আপনার বহুল প্রচারিত/ সম্প্রচারিত দৈনিক পত্রিকা/ টেলিভিশনে প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রকাশের অনুরোধসহ বার্তাটি প্রেরণ করা হল।

বার্তা প্রেরক-

ডা. মোহাঃ শেখ শহীদ উল্লাহ

দপ্তর সম্পাদক

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন